দৈনিক বাংলা

৪।

তারিখ ... 31 MAR 1990
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩

# ঢাকা ভার্সিটির ৫৪ জন শিক্ষক কাল তলবী সভা ডেকেছেন

।। স্টাফ রিপোর্টার ।।

প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান মিঞাকে ভিসি নিয়োগ করায় ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ ১৯৭৩ এর ১১ নম্বর ধারা লংঘনের অভিযোগ এনে ৫৪ জন শিক্ষক আগামীকাল রোববার সকাল সাড়ে দশটায় ঢাকা বিশ্ব-বিদ্যালয় ক্লাব ভবনে ঢাকা বিশ্ব-বিদ্যালয় শিক্ষক সমিতির এক তলবী সভা আহবান করেছেন।

এই ৫৪ জন শিক্ষকের বক্তব্য ঃ প্রফেসর আবদুল মান্নান ভিসি পদ থেকে পদত্যাগ করায় শূন্য পদে প্রো

(৩-এর পৃঃ দ্রঃ)

**ঢাকা ভার্সিটির** প্রথম পৃঃ পর

ভিসিকে দায়িত্ব না দিয়ে কিংবা কাউকে দায়িত্ব প্রাপ্ত বা ভারপ্রাপ্ত ভিসি নিযুক্ত না করে প্রফেসর মনিরুজ্জামান মিঞাকে সরাসরি নিয়মিত ভিসি নিয়োগ করায় ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ ১৯৭৩ এর ১১ নম্বর ধারা লংঘিত হয়েছে। এ নিয়ে আলোচনার জন্যে তারা শিক্ষক সমিতির প্রতি ২৯শে মার্চ বেলা ১১টার মধ্যে জরুরী তলবী সভা ডাকার অনুরোধ জানিয়েছিলেন।

শিক্ষক সমিতি তাদের দাবী অনু-যায়ী তলবী সভা ডাকেনি। ৫৪ জন শিক্ষক তলবী সভার বিজ্ঞপ্তিতে জানান ঃ সমিতির গঠনতন্ত্র অনুযায়ী ২৫ জনের অধিক সংখ্যক সদস্যের তলবী সভা ডাকার লিখিত দাবী অনুযায়ী সভা না ডাকা সমিতির-ইতি-হাসে এক অভূতপূর্ব ঘটনা।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ ১৯৭৩ এর ১১ নম্বর ধারায় বলা হয়েছে ঃ সিনেট কর্তৃক নির্বাচিত তিন জনের প্যানেল থেকে চ্যান্সেলর চার বছরের জন্যে ভিসি নিয়োগ করবেন। পরবর্তী চার বছরের জন্যেও তিনি পুনঃ নিযুক্তি পাবার যোগ্য বিবেচিত হবেন। দুই ঃ ছুটি, অসুস্থতা, পদত্যাগ বা অন্য কারণে ভিসি'র পদ সাময়িকভাবে শূন্য হলে চ্যান্সেলর যা উপযুক্ত মনে করেন সেভাবে ভিসি'র কাজ চালিয়ে নেয়ার ব্যবস্থাকরবেন।